দৈনিক ইত্তেফাক

তারিখ 06 MAR 2017
পৃষ্ঠা ... কলাম ...

# মহিলা ক্যাডেট কলেজ আরো চাই

বর্তমান সরকারের গঠনমূলক পরিকল্পনার সুবাদে শিক্ষাপ্রতিষ্ঠানের প্রতিস্তরে ছাত্রীদের লেখাপড়ার মান ও মানসিকতার উৎকর্ষ সাধিত হয়েছে। সরকারপ্রধান, জাতীয় সংসদে স্পিকার, বিরোধী দলীয় নেতা, নারী ও শিশু বিষয়ক মন্ত্রীসহ সরকারি-বেসরকারি পর্যায়ের অনেক গুরুত্বপূর্ণ পদে নারীদের দক্ষতা প্রশংসিত হচ্ছে। এ অবস্থায়, তুলনামূলক বিচারে দেশে মহিলা স্কুল-কলেজের সংখ্যা নগণ্য। বিশেষ করে মহিলা ক্যাডেট কলেজের কথা বলা যায়। দেশে মোট জনসংখ্যার অর্ধেক নারী। কিন্তু বাংলাদেশে মোট ১২টি ক্যাডেট কলেজের মধ্যে ৯টিই ছেলেদের জন্য (মির্জাপুর, বরিশাল, রাজশাহী, পাবনা, সিলেট, ঝিনাইদহ, রংপুর, ফৌজদার হাট, কুমিল্লা)। পক্ষান্তরে মেয়েদের জন্যে মাত্র ৩টি ক্যাডেট কলেজ (ময়মনসিংহ, জয়পুরহাট, ফেনী) চালু রয়েছে। সঙ্গত কারণেই দেশে আনুপাতিক হারে নতুন মহিলা ক্যাডেট কলেজ প্রতিষ্ঠা করা প্রয়োজন। এ ব্যাপারে সরকারের সদয় দৃষ্টি আকর্ষণ করছি।

**যারীন শাইমা তানিশা**
ষষ্ঠ শ্রেণি, ফরহাদ ক্যাডেট একাডেমি,
বিশ্বাস বেতকা, টাঙ্গাইল